

নৌ পরিবহন মন্ত্রণালয়  
গ্রহণ ও বিতরণ শাখা  
ডায়েরি নম্বর: ১৫০৮  
তারিখ: ০২/০২/১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
www.mof.gov.bd  
বাজেট অনুবিভাগ-১, শাখা-১

তারিখ: ০২/০২/১৯

স্মারক নং-০৭.১০১.০২০.০০.০০.০৯.২০১৭-৫২৪

তারিখ: ০২/০২/১৯

বিষয়ঃ মধ্যমেয়াদি বাজেট কাঠামো (MTBF)'র আওতায় সকল মন্ত্রণালয়/বিভাগসমূহের নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের বাজেট প্রণয়ন সংক্রান্ত দায়িত্ব পালনের মনোনীত কর্মকর্তাদের তালিকা হালনাগাদকরণ প্রসঙ্গে।

মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতিতে বাজেট প্রণয়ন প্রক্রিয়ার প্রথম ধাপে মন্ত্রণালয়/বিভাগের বাজেট কাঠামো প্রণয়ন/হালনাগাদ করার জন্য শীঘ্রই বাজেট পরিপত্র-১ জারী করা হবে। উল্লেখ্য, বাজেট কাঠামোর প্রথম ভাগ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক এবং দ্বিতীয় ভাগ মন্ত্রণালয়/বিভাগের নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর/সংস্থাসমূহ কর্তৃক প্রস্তুত হালনাগাদ করতে হবে। বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ প্রস্তুত করা এবং পরবর্তীতে বিস্তারিত বাজেট প্রণয়ন সংক্রান্ত দায়িত্ব পালনের জন্য গত অর্থবছর সংশ্লিষ্ট অধিদপ্তর/সংস্থা কর্তৃক অনুল্লয়ন বাজেট প্রণয়নের সঙ্গে সংশ্লিষ্ট একজন কর্মকর্তা এবং এডিপি/উন্নয়ন বাজেট প্রণয়নের সঙ্গে সংশ্লিষ্ট একজন কর্মকর্তাকে সুনির্দিষ্টভাবে দায়িত্ব প্রদান করা হয়। তবে উল্লিখিত কর্মকর্তাদের মধ্য থেকে বদলিজনিত বা শাখা বদলের কারণে কোন কর্মকর্তা এ সংক্রান্ত কাজের সাথে সম্পৃক্ত না থাকলে, সংশ্লিষ্ট কর্মকর্তার পরিবর্তে কোন কর্মকর্তা দায়িত্ব পালন করবেন তা জানা প্রয়োজন।

২। বর্ণিত অবস্থায়, এবছর মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন অধিদপ্তর/সংস্থার যেসকল কর্মকর্তা খসড়া বাজেট কাঠামো প্রণয়ন/হালনাগাদকরণ এবং পরবর্তীতে বিস্তারিত বাজেট প্রণয়ন সংক্রান্ত দায়িত্ব পালন করবেন তাঁদের নাম, পদবী ও টেলিফোন নং আগামী ১০(দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে সবিনয় অনুরোধ জানানো হল।

(মোঃ হাফিজুর রহমান)  
যুগ্ম সচিব (বাজেট-১)  
৯৫৭৬০৪৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নৌ-পরিবহন মন্ত্রণালয়  
বাজেট অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-১৮.০০.০০০০.০১২.২০.০১৩.১৬-৪৫৫

তারিখ : ০৭-১১-২০১৭ খ্রিঃ

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের বাজেট অনুবিভাগ-১, শাখা-১ থেকে প্রাপ্ত ০২-১১-২০১৭ তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০৯.২০১৭-৫২৪ নং পত্রের নির্দেশনা মোতাবেক বাজেট কাঠামো প্রণয়ন/হালনাগাদকরণ সংক্রান্ত দায়িত্ব পালন করবেন তাদের নাম, পদবী ও টেলিফোন নম্বর জরুরী ভিত্তিতে বাজেট শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মোঃ কুতুব উল আলম  
সহকারী সচিব (বাজেট)  
ফোন ৯৫৪৫৭১৬

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন, ১১৬, নয়া পল্টন, ঢাকা।
  - ২। চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ, মোংলা, বাগেরহাট।
  - ৩। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
  - ৪। চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি, ২৪ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা।
  - ৫। চেয়ারম্যান, স্থল বন্দর কর্তৃপক্ষ, কাওরান বাজার, ঢাকা।
  - ৬। মহাপরিচালক, নৌ পরিবহন অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
  - ৭। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
  - ৮। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
  - ৯। চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ, মিলেনিয়াম টাওয়ার, কাকরাইল, ঢাকা।
  - ১০। কমান্ডেন্ট, মেরিন একাডেমী, জুলদিয়া, চট্টগ্রাম।
  - ১১। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, দক্ষিণ হাশিমপুর, চট্টগ্রাম।
- অনুলিপিঃ
- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।